# <u>বাপবিবোতে ইনোভেশন শোকেসিং ২০২৪ অনুষ্ঠিত</u>

২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভূক্ত আওতাধীন অফিসসূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন শোকেসিং আয়োজন এবং শ্রেষ্ট উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন এর লক্ষ্যে গত ০৭/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বাপবিবোর আওতাধীন অফিসসূহের অংশগ্রহণে বাপবিবোতে ইনোভেশন শোকেসিং ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। দিনব্যাপী আয়োজিত ইনোভেশন শোকেসিং এ অংশগ্রহণকারী ৭ টি টিমের ইনোভেশন আইডিয়া প্রদর্শন করা হয়। চূড়ান্ত মুল্যায়ন কমিটির মূল্যায়নের ভিত্তিতে নিম্নের ৩ টি আইডিয়া যথাক্রমে ১ম, ২য়, ৩য় স্থান লাভ করেছে।

১। নিজস্ব প্রযুক্তিতে বোরিং গ্রাউন্ডিং মেশিন তৈরী ও ব্যবহার, বরিশাল পবিস -২।

২। কুইক রেসপন্স সার্ভিস (Quick Response Service), শরীয়তপুর পবিস।

৩। ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম, কুষ্টিয়া পবিস।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব তপন কুমার গোলদার, সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি পরিদপ্তর, বাপবিবো। শোকেসিং এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপবিবোর সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আব্দুর রৌফ মিয়া এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব হুমায়ুন কবীর। এছাড়াও অন্যান্য কর্মকতারা উপস্থিত ছিলেন।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব হুমায়ুন কবীর। এছাড়াও অন্যান্য কর্মকতারা উপস্থিত ছিলেন।

